গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট
স্বাস্থ্য সেবা বিভাগ
বিএমআরসি ভবন, মহাখালী, ঢাকা-১২১২।
ই-মেইল ঃ md@cchst.gov.bd
ওয়েব সাইট ঃ communityclinic.portal.gov.bd

স্মারক নং- কমিঃ ক্লিঃ স্বাঃ সহাঃ ট্রাস্ট/মাঠ প্রশাসন/পত্র জারী/৫৪(অংশ)/২০২৫/৩১৮ তারিখঃ ২২ আষাঢ়, ১৪৩৩ / ০৬ জুলাই, ২০২৬

**বিষয় ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের জারীকৃত প্রজ্ঞাপন বাস্তবায়ন।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের গত ২২.০২.২০১১ খ্রিঃ তারিখের ৪৫.১৭৪.০০২.০৪.০০.০০০.২০১০-৫৫ প্রজ্ঞাপনের আলোকে কমিউনিটি ক্লিনিকসমূহে কর্মরত কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার (সিএইচসিপি), স্বাস্থ্য সহকারী ও পরিবার কল্যাণ সহকারীগণের স্ব স্ব ন্যস্তকৃত দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে পালন নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি ঃ বর্ণনামতে।

০৬.০৭.২০২৬ খ্রি:
(মোহাম্মদ নাছির উদ্দিন)
উপসচিব
কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট

**বিতরণ ঃ**

০১। জেলা প্রশাসক (সকল)।
০২। সিভিল সার্জন (সকল)।
০৩। উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল)।
০৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
০৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)।
০৬। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)।

**সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ**

১. বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) (সকল)।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মাননীয় প্রধানমন্ত্রীর স্বাস্থ্য বিষয়ক বিশেষ সহকারীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সহকারী পরিচালক (সমন্বয়), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. ব্যবস্থাপনা পরিচালক (সচিব) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট, বিএমআরসি ভবন, মহাখালী, ঢাকা।
৮. অফিস কপি।

/২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২৭/২/১১

স্মারক নং-৪৫.১৭৪.০০২.১৪.০০.০০০.২০১০-৫৫ তারিখ ঃ ২২.০২.২০১১ইং

**প্রজ্ঞাপন**

অত্যাবশ্যক সেবা প্যাকেজ সরবরাহ/বিতরণের প্রথম স্তর হিসেবে গ্রামীণ জনগণের চাহিদা অনুসারে কমিউনিটি ক্লিনিক স্থাপন করা হয়, যা one-stop service center হিসেবে পরিচালিত হবে। এর মাধ্যমে সহজলভ্যভাবে নির্দিষ্ট মান ও গুনসম্পন্ন সমন্বিত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সংক্রান্ত প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান করা হবে। কমিউনিটি ক্লিনিকের উদ্দেশ্য সফলভাবে বাস্তবায়ন, সহস্রাব্দের উন্নয়ন লক্ষ্যমাত্রা (MDG) অর্জন ও ভিশন ২০২১ লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে নিম্নরূপে কমিউনিটি ক্লিনিকসমূহের কার্যাবলী এবং কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার, স্বাস্থ্য সহকারী ও পরিবার কল্যাণ সহকারীগণের উপর দায়িত্বভার নির্দিষ্ট করা হল ঃ

**কমিউনিটি ক্লিনিকসমূহে নিম্নলিখিত সেবা প্রদান করা হবে (কার্যাবলী) ঃ**

১. সার্বিক প্রজনন স্বাস্থ্য পরিচর্যার আওতায় অন্তঃসত্ত্বা মহিলাদের প্রসব-পূর্ব (প্রতিষেধক টিকা দানসহ), প্রসবকালীন এবং প্রসব-উত্তর (নব-জাতকের সেবাসহ) সেবা;
২. সময়মত প্রতিষেধক টিকাদানসহ (যক্ষ্মা, ডিপথেরিয়া, হুপিং কফ, পোলিও, ধনুষ্টংকার, হাম, হেপাটাইটিস -বি, নিউমোনিয়া ইত্যাদি) শিশু ও কিশোর কিশোরীদের জন্য প্রয়োজনীয় স্বাস্থ্য সেবা;
৩. জনগণের বিশেষ করে মহিলা ও শিশুদের অপুষ্টি দূরীকরণের জন্য ফলপ্রসু ব্যবস্থা গ্রহণ ও সেবা প্রদান;
৪. ম্যালেরিয়া, যক্ষা, কুষ্ঠ, কালা-জ্বর, ডায়রিয়াসহ অন্যান্য সংক্রামক রোগ প্রতিরোধ ব্যবস্থা এবং উহাদের সীমিত চিকিৎসা সুবিধা;
৫. সাধারণ জখম, জ্বর, ব্যাথা, কাটা/পোড়া, দংশন, বিষক্রিয়া, হাঁপানী, চর্মরোগ, ক্রিমি এবং চোখ, দাঁত ও কানের সাধারণ রোগের ক্ষেত্রে লক্ষণ ভিত্তিক প্রাথমিক চিকিৎসা প্রদান;
৬. অস্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি সংক্রান্ত বিভিন্ন উপকরণ, যেমন- কনডম, পিল, ইসিপি (জরুরী গর্ভ নিরোধক) ইত্যাদি সার্বক্ষণিক সরবরাহ ও বিতরণ নিশ্চিতকরণ;
৭. ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে (UHFWC) কর্মরত পরিবার কল্যাণ পরিদর্শিকা (FWV) নির্দিষ্ট সময় অন্তর কমিউনিটি ক্লিনিকে এসে আগ্রহী মহিলাদের আইইউডি (IUD) স্থাপন এবং/অথবা ইনজেকশন প্রদান;
৮. স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা গ্রহণকারীদের মধ্যে জটিল কেইসগুলিকে প্রয়োজনীয় প্রাথমিক সেবা প্রদান পূর্বক দ্রুত উচ্চতর পর্যায়ে রেফার করা;
৯. ক্লিনিকে আগত সেবা গ্রহণকারীদের জন্য স্বাস্থ্য-সম্মত জীবন যাপন, পরিস্কার-পরিচ্ছন্নতা ও স্যানিটেশন, সুষম খাদ্যভ্যাস, টিকার সাহায্য রোগ প্রতিরোধ, ক্রিমি প্রতিরোধ, বুকের দুধের সুফল, ডায়রিয়া প্রতিরোধ, পুষ্টি সম্পর্কে ব্যাপক সচেতনতা সৃষ্টি, পরিবার পরিকল্পনার প্রয়োজনীয়তা ও উহার বিভিন্ন পদ্ধতি ইত্যাদি সম্পর্কিত আচার-আচরণ ও দৃষ্টিভংগির পরিবর্তন (BCC) বিষয়ে গ্রুপ ভিত্তিক পরামর্শ দানের ব্যবস্থা;
১০. ১৫-৪৯ বৎসর বয়সের সন্তান ধারণ ক্ষমতা সম্পন্ন মায়েদের সঠিক তালিকা প্রণয়ন ও টিকা প্রদান করা;
১১. জন্মের ২৮দিনের মধ্যে শিশুর জন্মনিবন্ধন কার্যক্রমে অংশগ্রহণ ও সহায়ক সুপারভিশন করা;



CS CamScanner

১২. দুর্যোগ ব্যবস্থাপনায় অংশগ্রহণ করা;
১৩. মহামারী নিয়ন্ত্রনে অংশগ্রহণ করা;
১৪. যে কোন স্বাস্থ্য বিষয়ক সমস্যা সমাধানে উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করা;
১৫. সদ্য বিবাহিতা ও অন্তঃসত্ত্বা মহিলাদের নিবন্ধিকরণ ও সম্ভাব্য প্রসব-তারিখ সংরক্ষণ;
১৬. সদ্য প্রসবকারিণী (৬ সপ্তাহের মধ্যে) এবং শিশুদের (বিশেষতঃ মারাত্মক অপুষ্টি, দীর্ঘ মেয়াদী ডায়রিয়া বা হামে আক্রান্ত) ভিটামিন-এ ক্যাপসুল প্রদান;
১৭. প্রসবের অব্যবহিত পর থেকে ৬ মাস বয়স পর্যন্ত শাল দুধ সহ কেবল মাতৃ-দুগ্ধ খাওয়ানোর পরামর্শ দেয়া;
১৮. মহিলা ও কিশোর-কিশোরীদের রক্তস্বল্পতা সনাক্ত করা এবং প্রয়োজনীয় চিকিৎসা প্রদান;
১৯. এক থেকে পাঁচ বছরের শিশুদের ৬ মাস পর পর প্রয়োজনীয় পরিমাণ ভিটামিন-এ খাওয়ানো এবং রাতকানা রোগে আক্রান্ত শিশুদের খুঁজে বের করা এবং তাদের চিকিৎসার ব্যবস্থা করা;
২০. আয়োডিনের স্বল্পতা, ক্রিমি, শ্বাসযন্ত্রের তীব্র সংক্রমণ (ARI), যক্ষ্মা (DOTS সহ), কুষ্ঠ (MDT পর্যানুসরণ), ম্যালেরিয়া, ত্বকের ছত্রাক ইত্যাদি রোগের ক্ষেত্রে লক্ষণ ভিত্তিক চিকিৎসা কিংবা উচ্চতর হাসপাতাল/ক্লিনিকের ব্যবস্থাপত্র অনুসরণে ঔষধ প্রদান;
২১. ডায়রিয়া আক্রান্ত রোগীদেরকে ও.আর.এস.-এর সাহায্যে চিকিৎসা করা;
২২. বাড়ীতে ডায়রিয়ার চিকিৎসা প্রদান এবং খাওয়ার স্যালাইন প্রস্তুত ও ব্যবহার পদ্ধতি সম্বন্ধে শিক্ষা দান;
২৩. প্রয়োজনীয় প্রশিক্ষণপ্রাপ্তি সাপেক্ষে গর্ভনিরোধক ইনজেকশন এর ২য় এবং পরবর্তী ডোজ প্রদান;
২৪. স্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতি (NSV, tubectomy, IUD , Implant) সম্পর্কে সক্ষম দম্পতিদের উদ্বুদ্ধকরণ এবং পদ্ধতি গ্রহণের জন্য উপজেলা/ইউনিয়ন স্বাস্থ কেন্দ্রে প্রেরণ;
২৫. নবজাতক ও শিশুদের বিপদজনক লক্ষণ ও অত্যাবশ্যকীয় যত্ন সম্মন্ধে মা/অভিভাবকদের সচেতন করা;
২৬. বাড়ীতে গিয়ে এবং নির্দিষ্ট সময় অন্তর দূরবর্তী এলাকায় বসবাসরত জনগোষ্ঠীকে সেবা প্রদান করা;
২৭. প্রয়োজনীয় প্রশিক্ষণ এবং ব্যবস্থাদি থাকা সাপেক্ষে স্বাভাবিক প্রসব পরিচালনা করা;
২৮. যৌনতা, নিরাপদ যৌন সম্পর্ক এবং বালিকা/মহিলাদের বিশেষ বিশেষ পুষ্টি ও স্বাস্থ্যসম্মত খাবার সম্পর্কে সচেতনতা সৃষ্টি;
২৯. প্রবীণ জনগোষ্ঠীকে সুস্থ জীবন-যাপনে পরামর্শ (Couselling) ও সহায়তা প্রদান;
৩০. ওয়ার্ড/কমিউনিটি পর্যায়ে স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম বাস্তবায়ন;
৩১. রজঃ নিবৃত্তি কালীন সমস্যাদির বিষয়ে পরামর্শ প্রদান করা এবং প্রয়োজনে রেফার করা;
৩২. পুষ্টিহীনতা প্রতিরোধের জন্য স্বাস্থ্যবিধি এবং খাদ্যাভ্যাস সম্পর্কে পরামর্শ প্রদান;
৩৩. সংক্রামক রোগ ও ছোঁয়াচে রোগ প্রতিরোধে স্তর অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
৩৪. আপদকালীন ও জরুরী পরিস্থিতি মোকাবিলার জন্য স্তর অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
৩৫. বাড়ী কেন্দ্রীক (Domiciliary) সেবাঃ
ক. ব ৎসরে একবার গোদ-প্রধান এলাকায় প্রয়োজনীয় ঔষধ বিতরণ;
খ. তীব্র পক্ষাঘাত, হাম, নব-জাতকের ধনুষ্টংকার এবং অন্যান্য মহামারী রোগের উপর সতর্ক দৃষ্টি রাখা এবং এই সকল রোগ প্রতিরোধে/নিয়ন্ত্রণে সকলকে অবহিত করা;
গ. অস্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীদের মধ্যে অনিয়মিতদের চিহ্নিত করে নিয়মিতকরণ;





CS CamScanner

ঘ. যক্ষ্মা, কুষ্ঠ, মারাত্মক ম্যালেরিয়া ইত্যাদি চিকিৎসাধীন রোগীদের মধ্যে যারা ঔষধ সংগ্রহ / সেবনের জন্য ক্লিনিকে আসছে না তাদের খুঁজে বের করে পুনরায় চিকিৎসা ব্যবস্থায় ফিরিয়ে আনা;

ঙ. অন্তঃসত্ত্বা মহিলারা যাতে প্রসব-পূর্ব সেবা (প্রতিষেধক টিকা গ্রহণসহ) নিতে ক্লিনিকে আসে, তার জন্য ব্যক্তিগত পর্যায়ে যোগাযোগ রক্ষা করা;

চ. প্রশিক্ষণ সাপেক্ষে বাড়ীতে (পরিস্কার-পরিচ্ছন্ন ও নিরাপদ) প্রসব পরিচালনা;

ছ. অপারগ ও অনিচ্ছুক ব্যক্তিদের বাড়ীতে গিয়ে এবং নির্দিষ্ট সময় অন্তর দূরবর্তী এলাকায় বসবাসরত জনগোষ্ঠীকে সেবা প্রদান;

জ. বিশেষ বিশেষ সংক্রামক রোগের প্রাদুর্ভাব সম্পর্কে সতর্কতা অবলম্বন এবং প্রাদুর্ভাব দেখা দিলে প্রতিরোধমূলক কাজে অংশগ্রহণ।

**কমিউনিটি ক্লিনিকে কর্মরত কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার, স্বাস্থ্য সহকারী ও পরিবার কল্যাণ সহকারীগণ নিম্নরূপ দায়িত্ব পালন করবেন ঃ**

ক. শুক্রবার ব্যাতীত সপ্তাহে ৬ দিন কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার কমিউনিটি ক্লিনিকে উপস্থিত থেকে প্রদেয় সেবা প্রদান করবেন;

খ. স্বাস্থ্য কর্মী এবং পরিবার কল্যাণ সহকারীগণ সপ্তাহে তিনদিন করে কমিউনিটি ক্লিনিকে বসবেন। কে কোন দিন বসবেন তা স্থানীয়ভাবে ঠিক করা হবে। অফিস সময় হবে সকাল ৯:০০ টা থেকে বিকাল ৩:০০ ঘটিকা;

গ. কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডারগণ স্বাস্থ্য সহকারী ও পরিবার কল্যাণ সহকারীণের (নতুন ৩ ওয়ার্ডের ৩ জন মাঠ কর্মী) তদারকী করবেন;

ঘ. প্রশাসনিকভাবে স্বাস্থ্য কর্মী এবং পরিবার কল্যাণ সহকারীগণ যে যার দায়িত্ব পালন করবেন। কিন্তু কমিউনিটি ক্লিনিকের কাজের সুবিধার জন্য প্রতি ইউনিয়নকে ২ ভাগ করে ১টি অংশে একীভূত সমন্বিত কার্যক্রমের (স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টি বিষয়ক সেবা প্রদান) তদারকীর দায়িত্ব সহকারী স্বাস্থ্য পরিদর্শক এবং অন্য অংশের তদারকীর দায়িত্ব পরিবার পরিকল্পনা পরিদর্শকের উপর ন্যাস্ত হবে;

ঙ. মাঠকর্মীদের একীভূত/সমন্বিত কার্যপরিধি (একই মাঠ কর্মীর মাধ্যমে স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টি বিষয়ক সেবা প্রদান) থাকবে;

চ. বর্তমান প্রশাসনিক কর্ম এলাকা (প্রতি ইউনিয়নে ৯টি ওয়ার্ড) ভিত্তিক মাঠকর্মীদের পদায়ন করা হবে; যদি কর্মীর সংখ্যা বেশী হয় তবে জনসংখ্যার ভিত্তিতে তা সমন্বয় করে পদায়ন করা হবে;

ছ. কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডারের অনুপস্থিতিতে স্বাস্থ্য সহকারী/পরিবার কল্যাণ সহকারী কমিউনিটি ক্লিনিকের যাবতীয় দায়িত্ব পালন করবেন;

জ. স্বাস্থ্য সহকারী/পরিবার কল্যাণ সহকারী একে অপরের অনুপস্থিতিতে কমিউনিটি ক্লিনিকে সকল সেবা নিশ্চিত করবেন;

ঝ. বছরের প্রারম্ভে কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার, পরিবার কল্যাণ সহকারী, স্বাস্থ্য সহকারী, পরিবার পরিকল্পনা পরিদর্শক, সহকারী স্বাস্থ্য পরিদর্শক এবং কমিউনিটি গ্রুপ এর সাথে আলোচনাক্রমে ১টি বাৎসরিক কর্মপরিকল্পনা তৈরী করবেন। পরিকল্পনায় ক্লিনিকে প্রদেয় সেবাসমূহ সুচারুভাবে সম্পাদনের জন্য ঔষধপত্র, এমএসআর চাহিদা, সাপ্তাহিক/মাসিক সভার তারিখ, স্যাটেলাইন ক্লিনিক সংগঠনের তারিখ, ইপিআই সিডিউল ইত্যাদি অন্তর্ভূক্ত থাকবে;

ঞ. কমিউনিটি ক্লিনিকে ক্লায়েন্ট ফ্লো বৃদ্ধি করার লক্ষ্যে স্বাস্থ্য সহকারী এবং পরিবার কল্যাণ সহকারী বাড়ী পরিদর্শন কালীন সময়ে আন্তব্যক্তিক যোগাযোগের মাধ্যমে কমিউনিটি ক্লিনিকের সেবা সম্পর্কিত তথ্য প্রদানে সক্রিয়ভাবে কাজ করবেন;





CS CamScanner

ট. কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার ঔষধপত্র ও এমএসআরসহ আবশ্যক দ্রব্যাদির প্রয়োজনীয়তা নির্ণয় করবেন এবং ঔষধপত্র ও এমএসআর সংগ্রহের জন্য ইউনিয়ন মেডিকেল অফিসারের মাধ্যমে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা এবং পরিবার কল্যান সামগ্রী প্রদানের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বরারব ইনডেন্ট প্রদান করবেন;

ঠ. যে সব গর্ভবতী মহিলা কমিউনিটি ক্লিনিক হতে প্রসবপূর্বক ও প্রসবোত্তর সেবা গ্রহণ করেননি এবং যে সব নারী/পুরুষ ইপিআই, যক্ষা, কুষ্ঠ ইত্যাদি বিষয়ে কমিউনিটি ক্লিনিক হতে সেবা গ্রহণ করেননি স্বাস্থ্য সহকারী ও পরিবার কল্যাণ সহকারীগণ তাদের খুঁজে বের করে কমিউনিটি ক্লিনিকের সেবা ব্যবস্থায় ফিরিয়ে আনবেন;

ড. ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে (UHFWC) কর্মরত পরিবার কল্যাণ পরিদর্শিকা (FWV) নির্দিষ্ট সময় অন্তর কমিউনিটি ক্লিনিকে এসে আগ্রহী মহিলাদের আইইউডি (IUD) স্থাপন এবং/অথবা প্রথম ডোজ গর্ভনিরোধক ইনজেকশন প্রদান কালীন সময়ে প্রয়োজনীয় সকল সহায়তা প্রদান ও পার্শ্ব প্রতিক্রিয়ায় আক্রান্ত জন্মনিরোধক ব্যবহারকারিণীকে চিকিৎসা ও পরামর্শ প্রদান এবং প্রয়োজনে উচ্চতর পর্যায়ে প্রেরণ করবেন;

ঢ. পরিবার কল্যাণ সহকারী (FWA) ও স্বাস্থ্য সহকারী (HA) কর্তৃক দ্বিতীয় ও পরবর্তী ডোজ গর্ভনিরোধক ইনজেকশন প্রদান করবেন;

ণ. কমিউনিটি ক্লিনিকের কার্যক্রমকে সফল শক্তিশালী ও ফলপ্রসু করার লক্ষ্যে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র (পূর্বতন ইউনিয়ন সাব সেন্টার ও এফডব্লিউসি) রেফারেল সেন্টার হিসাবে পরিগনিত হবে;

ত. প্রতি মাসের/সপ্তাহের নির্দিষ্ট দিন ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র হতে মেডিকেল অফিসার/এম.এ/সাকমো, এফডব্লিউভি সংশ্লিষ্ট ইউনিয়নের অধীন সকল কমিউনিটি ক্লিনিকে সেবা প্রদান করবেন;

থ. ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে পদায়নকৃত মেডিকেল অফিসার (যে কোন অধিদপ্তর থেকে ঐ ইউনিয়নে পদায়নকৃত) উক্ত কেন্দ্র ও ঐ ইউনিয়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা থাকবেন। সংশিষ্ট ইউনিয়নের অধীন সকল কমিউনিটি ক্লিনিকের কর্মী, মাঠকর্মী, সুপার ভাইজার ও কেন্দ্রের কর্মীবৃন্দ উক্ত কর্মকর্তার নিয়ন্ত্রনে কাজ করবেন; তবে যদি অধিদপ্তর থেকে একাধিক মেডিকেল অফিসার থাকেন সে ক্ষেত্রে প্রতি ইউনিয়নকে ডাক্তারের সংখ্যা অনুযায়ী ভাগ করে প্রতিটি অংশে একীভূত সমন্বিত কার্যক্রমের (স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টি বিষয়ক সেবা প্রদান) তদারকীর দায়িত্ব সংশ্লিষ্ট মেডিকেল অফিসারগণের উপর ন্যাস্ত হবে;

দ. প্রতি ৩ মাস পর পর কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার কেন্দ্রে ১টি মূল্যায়ন সভার আয়োজন করবেন। সভায় স্বাস্থ্য সহকারী, পরিবার কল্যাণ সহকারী, পরিবার পরিকল্পনা পরিদর্শক, সহকারী স্বাস্থ্য পরিদর্শক, এনজিও প্রতিনিধি, কমিউনিটি গ্রুপ, স্থানীয় জনপ্রতিনিধি এবং গণ্যমান্য ব্যক্তি উপস্থিত থেকে ক্লিনিকে প্রদত্ত সেবা অগ্রগতি ও অন্যান্য বিষয়ে পর্যালোচনা করবেন;

ধ. কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার, পরিবার কল্যাণ সহকারী এবং স্বাস্থ্য সহকারীগণ এই দায়িত্বের অতিরিক্ত তাদের স্ব স্ব কার্যপরিধি অনুযায়ী যাবতীয় দায়িত্ব পালন করবেন;

ন. সময়ে সময়ে সরকার কর্তৃক অর্পিত যে কোন দায়িত্ব পালন করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৭/০২/২০১১

(হুমায়রা সুলতানা)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৭১৭১৫৪০



CS CamScanne